



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার লেটার নং-০২/২০১৯

তারিখঃ বৈশাখ ০৫, ১৪২৬ বঙ্গাব্দ
এপ্রিল ১৮, ২০১৯ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান,
সোনালী ইনভেস্টমেন্ট লি: এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লি:

প্রিয় মহোদয়,

১২ আগস্ট, ২০১০ তারিখে ইস্যুকৃত ইইএফ সার্কুলার নং-৩২/২০১০ এ
উল্লিখিত মনোনীত পরিচালক সংক্রান্ত বিধি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গত ১২ আগস্ট, ২০১০ তারিখে ইস্যুকৃত ইইএফ সার্কুলার নং-৩২/২০১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ইইএফ অংশীজনদের স্বার্থ সংরক্ষণার্থে বাস্তবতার নিরিখে উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-২.৪ (প্যারা : ৩) এ বর্ণিত
নির্দেশনার আলোকে অনুমোদিত ইইএফ প্রকল্পে মনোনীত পরিচালক সংক্রান্ত নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালনীয় হবে :

“অনুমোদিত ইইএফ প্রকল্পে মনোনীত পরিচালক ইইএফ সহায়তা গ্রহণ/ইইএফ সহায়তা বাবদ গৃহীত অর্থ ফেরৎ প্রদানের
পূর্বে চাকুরি হতে অবসর গ্রহণ করলে/চাকুরিচ্যুত/চাকুরি স্থানান্তর/বদলী হলে তাৎক্ষণিক ভাবে সংশ্লিষ্ট মূল্যায়নকারী প্রতিষ্ঠানের
বিভাগীয় প্রধান/শাখা প্রধান/উইং প্রধানকে মনোনীত পরিচালকের দায়িত্ব গ্রহণপূর্বক আইসিবি এবং রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক
কোম্পানিজ এন্ড ফার্মস (RJSC) কে অবহিত করতে হবে”।

উক্ত সার্কুলার নং-৩২/২০১০ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(পরিমল চন্দ্র চক্রবর্তী)

মহাব্যবস্থাপক

ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

ফোনঃ ৯৫৩০২১২

e-mail: parimal.chakraborty@bb.org.bd